০১/৫৬৮/
বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 07 OCT 1986
পৃষ্ঠা 5 কলাম 1

017

# বেসরকারী প্রাইমারী স্কুল

প্রতি উপজেলার দুটি বেসরকারী প্রাথমিক স্কুল সরকারী করণের সিদ্ধান্ত হয়েছে কিছুদিন আগে। সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে নির্দেশে বলা হয়েছে, উপজেলা চেয়ারম্যান এবং স্থানীয় সংসদ সদস্য উপজেলার বেসরকারী প্রাইমারী স্কুলগুলি সরেজমিনে দেখেশুনে সুপারিশ করবেন। এবং এই সুপারিশের ভিত্তিতেই অনুমোদন দেয়া হবে নতুন দুটি স্কুলের।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি উপজেলায় দুটি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়কে সরকারী করণের সিদ্ধান্ত নিঃসন্দেহে দেনদরবার এবং বিচার বিবেচনার ফল। উল্লেখ্য যে দেশে প্রায় ৪৪ হাজার প্রাথমিক বিদ্যালয় আছে। এর মধ্যে ৩৬ হাজার সরকারী। বাকী ৮ হাজার বেসরকারী। এই ৮ হাজার বেসরকারী বিদ্যালয়ের মধ্যে অনেক বিদ্যালয়ই দীর্ঘদিন ধরে নানা অসুবিধার মধ্যে অস্তিত্ব জিইয়ে রেখেছে। জনসাধারণের সীমিত সাহায্যের ওপর নির্ভর করে অনেকেই শিক্ষকতা করছেন এ সকল বিদ্যালয়ে। তাদের আশা, সরকারী ঘোষিত নীতি অনুযায়ী একদিন এই বিদ্যালয় সরকারীকরণ হবেই। এবং কিছুদিন পূর্বে কিছু কিছু বেসরকারী প্রাথমিক বিদ্যালয়কে আর্থিক সাহায্য দেয়া হয়েছিল। এই বিদ্যালয়গুলিও সাহায্য পেয়েছিল সংশ্লিষ্ট মহলের সুপারিশের ভিত্তিতে। এবং স্বাভাবিকভাবেই আশা করা হয়েছিল যে এই সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়গুলিই সরকারীকরণ করা হবে সর্বপ্রথম।

কিন্তু এখন দেখা যাচ্ছে ঘটনা তেমন করে ঘটছে না। এই আর্থিক সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়গুলি অনেক উপজেলায়ই সরকারী করণের তালিকায় থাকছে না। অনেক উপজেলায়ই একেবারে নতুন বিদ্যালয় সরকারীকরণের সুপারিশ করা হচ্ছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সুস্পষ্ট বিধি নিয়মের ভিত্তিতে এ সুপারিশের নির্দেশ দিয়েছেন আমরা আশা করব সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এই বিধি নিয়মের দিকে লক্ষ্য রাখবেন এবং প্রয়োজন হলে পক্ষপাতদুষ্ট সুপারিশ সম্পর্কে তদন্ত করে নিজেরাই সিদ্ধান্ত গ্রহণ করবেন।